



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ মার্চ, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০১৯ যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। সকাল ৯.৩০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ-এর নেতৃত্বে বঙ্গবন্ধু চতুরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে সকাল ১০ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেলের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান: রাজনৈতিক চিন্তাধারা’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু একজন নেতা ছিলেন না, ছিলেন ক্ষণজন্মা মহাপুরুষ, পৃথিবীর ইতিহাসে মহান নির্মাতা। তিনি হাজার বছরে শোষিত বাঙ্গালিদের অধিকারের ভাষাকে নিজের সমস্ত জীবন দিয়ে প্রাতিষ্ঠানিক কাঠামো দিয়েছিলেন। আমরা পেয়েছি প্রিয় বাংলাদেশ।

আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মানীয় ফেলো প্রফেসর ড. রওনক জাহান। তিনি বলেন বঙ্গবন্ধুর রাজনৈতিক চিন্তাধারায় সুনির্দিষ্ট কিছু আদর্শ ছিল, মূল্যবোধ ছিল, লক্ষ্য ছিল এবং সেই লক্ষ্যে পৌঁছাবার জন্য তিনি একনিষ্ঠ ও নিরলসভাবে কাজ করে গেছেন। তাঁর কর্মকান্ড গুলো বিশ্লেষণ করলে যে চারটি বৈশিষ্ট্য পাওয়া যায় তা হল, বাঙ্গালি জাতিস্বত্তা: স্বাধীনতা, গণতন্ত্র ও মুক্তি; জনসম্প্রীতি: জনগণের রাজনীতি; অসাম্প্রদায়িকতা: সকল নাগরিকের সমঅধিকার ও সমাজতন্ত্র : শোষণ মুক্তি ও বৈষম্যহীনতা। এই চারটি বৈশিষ্ট্যের প্রতিফলন আমাদের সংবিধানেও দেখতে পাই।

প্রধান আলোচকের বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রফেসর ড. আল মাসুদ হাসানউজ্জামান বলেন, রওনক জাহানের প্রবন্ধে বঙ্গবন্ধুর রাজনৈতিক চিন্তাধারা সুচারুরূপে পর্যালোচিত হয়েছে। ইতিহাস রচয়িতা হিসেবে বঙ্গবন্ধুর দীর্ঘকালের সংগ্রাম, সাংগঠনিক কর্মকান্ড, জনমুখী কাজ ও এদেশের স্বাধীনতার মহান স্থপতি হিসেবে তাকে মূল্যায়ন করা হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, বাংলাদেশ ছাত্রলীগ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক ইমরান খান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল এর পরিচালক প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম এবং সঞ্চালনা করেন প্রফেসর ড. জায়েদা শারমিন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার